

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

নং-১৫.৫৪.০০০০.০৪২.৪৩.৪৪২.২৩. ৮২৭৭

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: নেতৃত্বকা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের গত ২২.০৮.২০২৩ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নেতৃত্বকা কমিটির সমষ্টিয়ে অনুষ্ঠিত ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিম্নরূপ:

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১.	নেতৃত্বকা কমিটির সভা আয়োজন	<p>বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে নেতৃত্বকা কমিটির সভা আয়োজন এবং এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্ত: কর্ম পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে নেতৃত্বকা কমিটির সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে পালন করতে হবে।</p>	<p>গত ২২.০৮.২০২৩ তারিখ নেতৃত্বকা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।</p>
০২.	প্রশিক্ষণ/Stakeholder সভা আয়োজন	<p>২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার সংশ্লিষ্ট প্রশিক্ষণ ও লক্ষ্যমাত্রায় বর্ণিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্ত: জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের সমষ্টিয়ে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে।</p>	<p>ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা অনুযায়ী ২০-২২ জুলাই/২০২৩ ১৫ জন কর্মকর্তা/কর্মচারি ও ০৫.০৯.২০২৩ তারিখ ২৫ জন কর্মচারিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।</p> <p>খ) আগামী ২১.০৯.২০২৩ তারিখ অনুষ্ঠান ঘোষক/ঘোষিকা ও উপস্থাপক/উপস্থাপিকাদের সমষ্টিয়ে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজন করা হবে।</p>
০৩.	কর্ম-পরিবেশ উন্নয়ন	<p>কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে এবং চলমান ডেঙ্গু নিয়ন্ত্রণে একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। এছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী অন্যান্য সহায়ক কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্ত: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম যথাসময়ে সম্পাদন করতে হবে।</p>	<p>বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের কর্ম-পরিবেশ উন্নয়নে অফিস প্রাঙ্গন পরিষ্কার-পরিচ্ছন্ন একই সাথে বাথরুমসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার করা হয়েছে। এছাড়া ডেঙ্গু নিয়ন্ত্রণে গঠিত কমিটি নিয়মিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা করছেন।</p>

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০৪.	ক্রয় সংক্রান্ত	<p>বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা সদর দপ্তর কর্তৃক অনুমোদিত হয়েছে। এছাড়া বিভিন্ন শ্রেণির ১৫টি সরবরাহকারী প্রতিষ্ঠানকে তালিকাভূক্ত ও নবায়ন করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। পরিকল্পনা অনুযায়ী নির্দিষ্ট সময়ে বিভিন্ন ক্রয় কার্যক্রম বাস্তবায়ন ও এ সংক্রান্ত প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।</p> <p><u>সিদ্ধান্ত:</u> বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে ক্রয় সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করে সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ করতে হবে।</p>	<p>পরিকল্পনা অনুযায়ী প্রশাসন শাখার RFQ পদ্ধতিতে ০১টি ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে অপর ০১টি চলমান রয়েছে। এছাড়া ডিজাইন শাখার LTM পদ্ধতিতে ক্রয় কার্যসম্পন্ন সম্পন্ন হয়েছে এবং OTM পদ্ধতিতে অপর ০১টি ক্রয় কার্যক্রম আগামী প্রাপ্তিকে শুরু হবে এবং প্রকৌশল শাখার ক্রয় কার্যক্রম চলমান রয়েছে।</p>

০২। সদয় অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।


 নূর আনোয়ার হোসেন
 জেনারেল ম্যানেজার (চ: দাঃ)
 ফোন: ০২৩৩৩৩৭৯৩০০ (অফিস)

মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর, রামপুরা
ঢাকা।

অনুলিপি:

- ✓ ০১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০২। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
- ০৩। কার্যালয় নথি।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> অয়েজনীয় ব্যবস্থা নিল
প্রোগ্রাম-১	<input type="checkbox"/> উপস্থাপন করেন
প্রোগ্রাম-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট	

২৩/১/২০